দৈনিক খবর
তারিখ ... 18 SEP 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

131

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ঃ

# পুলিশের টিয়ারগ্যাস ঃ লাঠিচার্জ ।। আহত ৫০

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গতকাল মঙ্গলবার রাত পৌনে ৯টায় পুলিশের টিয়ার গ্যাস ও লাঠিচার্জে প্রায় ৫০ জন ছাত্র আহত হয়েছে। ঘটনার প্রতিবাদে ছাত্রলীগ (শা-অ) ক্যাম্পাসে গভীর রাত পর্যন্ত বিক্ষোভ প্রদর্শন করছিল। এ রিপোর্ট লেখা পর্যন্ত পুলিশ জগন্নাথ হল এবং এস এম হল ঘেরাও করে রাখে। ক্যাম্পাসে ব্যাপক উত্তেজনা বিরাজ করছে।

রাত সোয়া ৯টায় একদল পুলিশ জগন্নাথ হলে প্রবেশের চেষ্টা চালায়। ঐ সময় হল সংসদের ভিপি সুভাষ সিংহ রায় হলে প্রবেশের কারণ জানতে চাইলে পুলিশের সাথে কথা কাটাকাটি হয়। পুলিশ সুভাষকে বেদম

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

## পুলিশের টিয়ার গ্যাস

প্রথম পৃষ্ঠার পর

প্রহার শুরু করে। ঘটনার খবর ছড়িয়ে পড়া মাত্র জগন্নাথ হলসহ বিভিন্ন হল থেকে শত শত ছাত্র বেরিয়ে আসে। এতো ছাত্র জড়ো দেখে বিপুলসংখ্যক পুলিশ জগন্নাথ হল, পলাশী মোড় ও টিএসসি'র মোড় থেকে একযোগে টিয়ার গ্যাস এবং লাঠিচার্জ শুরু করে। ক্যাম্পাসের সর্বত্র গ্যাসের ধোঁয়ায় অন্ধকার হয়ে যায়। পুলিশী হামলার পর ছাত্ররা ছত্রভঙ্গ হয়ে যায়। পরে পুলিশ জগন্নাথ হল ও এস এম হল ঘেরাও করে রাখে। ভিসির বাংলোর সামনেও অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়।

পুলিশের হামলার প্রতিবাদে ছাত্রলীগ (শা-অ) ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল শুরু করে। বিক্ষোভকারীরা ঘটনার সুষ্ঠু বিচার ও দোষীদের শাস্তির দাবী জানায়। রাত ১০টায় বিক্ষোভকারীরা জগন্নাথ হলের প্রভোস্ট অফিস ভাংচুর করেছে।

### প্রভোস্টসহ ১৯ জনের পদত্যাগ

শেষ পর্যন্ত পুলিশ গভীর রাতে হলে অভিযান চালিয়েছে। তবে কোন অস্ত্রশস্ত্র উদ্ধারের খবর পাওয়া যায়নি।

আহত ১১ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, জগন্নাথ হলে পুলিশী তৎপরতার প্রতিবাদে প্রভোস্ট ও ১৮ জন হাউস টিউটর পদত্যাগ করেছেন।